

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প (১ম সংশোধিত)  
১ম বিল্ডিং (৭ম তলা), খামারবাড়ি  
ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং-১২.০১.০০০০.৯৪২.৪৬.০০১.২১. ৩১৭৫

তারিখ : ৩০-১০-২০২৩ খ্রিঃ

বিষয়: 'অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন' (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে সকল প্রকার প্রদর্শনী সফল বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনে 'অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন' (১ম সংশোধিত) প্রকল্পটি কৃষি মন্ত্রণালয়ের একটি অগ্রাধিকার মূলক প্রকল্প এবং মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা "এক ইঞ্চি জমিও অনাবাদি রাখা যাবে না" অনুযায়ী দেশের ৪৯২ টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে।

ইতোমধ্যে প্রকল্প হতে চলতি ২০২৩-২৪ অর্থবছরে মাচায় সবজি চাষ, স্কুলে পুষ্টি বাগান স্থাপন, স্যাঁতস্যাঁতে জমিতে কচু চাষ এবং কৃষক প্রশিক্ষণ কার্যক্রমের বরাদ্দ প্রদান করা হয়েছে ও বাস্তবায়ন চলমান রয়েছে। এছাড়া নতুন পারিবারিক পুষ্টি বাগান স্থাপন ও অন্যান্য কার্যক্রমের বরাদ্দ প্রদানের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। আসন্ন রবি মৌসুমকে সামনে রেখে গত ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থবছরের পুনঃস্থাপন ও রক্ষণাবেক্ষণ প্রদর্শনিসমূহকে উৎপাদনশীল রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। চলতি ২০২৩-২৪ অর্থবছরের বরাদ্দকৃত সকল প্রদর্শণীর সাইনবোর্ডসমূহ প্রেরিত গাইডলাইন অনুযায়ী সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) ও ডিএই'র সদর দপ্তরের কর্মকর্তাগণের মাঠ পরিদর্শন চলমান রয়েছে।

এমতাবস্থায়, পরিদর্শনকারীকে প্রদর্শণীর প্রদর্শন করানো ও সুন্দরভাবে উপস্থাপনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি রাখা এবং একই সাথে সকল প্রকার প্রদর্শনীতে প্রেরিত গাইডলাইনের নমুনা অনুযায়ী সাইনবোর্ড স্থাপন ও কার্যক্রম মাঠে বাস্তবায়নের জন্য বলা হলো। এবিষয়ে মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দ্রুত পদক্ষেপ গ্রহণ ও মনিটরিং কার্যক্রম জোড়দার করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(ড. মো. আকরাম হোসেন চৌধুরী)

প্রকল্প পরিচালক

ফোন-৫৫০২৮৪০১

উপজেলা কৃষি অফিসার

..... উপজেলা (সকল)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ :

১. পরিচালক, সরেজমিন উইং/পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... (সকল অঞ্চল)।
৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর..... (সকল জেলা) ( বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে জোড় মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো )।
৪. মহাপরিচালকের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. অফিস কপি।